৪৭

তারিখ 04 MAY 1997
পৃষ্ঠা 6 কলাম 2

দৈনিক সংবাদ

## কাপ্তাইয়ে প্রাথমিক শিক্ষার হাল

# শিক্ষকদের হাজিরা খাতা থাকে দোকানে

কাপ্তাই ৩রা মে (নিজস্ব সংবাদ-দাতা)। -অনেক শিক্ষক-শিক্ষিকার পদশূন্য এবং নানা অনিয়মের শিকারে কাপ্তাইয়ের প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। থানা শিক্ষা অফিসের পরিসংখ্যান মতে কাপ্তাইয়ে সর্বমোট ৩৯টি প্রাথমিক বিদ্যালয়ের ১৪৩টি শিক্ষক শিক্ষিকার পদের ৬টি দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। এছাড়াও বিভিন্ন শিক্ষক শিক্ষিকাদের বিদ্যালয়ের উপস্থিতির অনিয়ম এবং বিদ্যালয়ে নিযুক্ত থেকে অন্যত্র প্রতিষ্ঠানে চাকরি করার কারণে এখানে প্রাথমিক শিক্ষার অবস্থা দিন দিনই শোচনীয় হয়ে উঠেছে।

এক অভিযোগে জানা গেছে, রাইখালী জুনিয়া পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা দীশা ত্রিপুরা ৯২ সালে নিয়োগ প্রাপ্তির ৬ মাস পর থেকে জেলা সদর রাঙ্গামাটিতে সমাজ সেবা অধিদপ্তরের অধীনে চাকরি করছে। অথচ সে নিয়মিতই থানা শিক্ষা তহবিল থেকে শিক্ষিকা হিসেবে মাসিক বেতন পায়। থানা শিক্ষা কর্মকর্তা এ বিষয়ে স্বীকারোক্তি করেন এবং রাঙ্গামাটি স্থানীয় সরকারি পরিষদ চেয়ারম্যানের নির্দেশের ভিত্তিতে অগত্যা উপরোক্ত শিক্ষিকার মাসিক বেতন পাস করতে হচ্ছে বলে জানান।

এ থানার দুর্গম পাহাড়ি এলাকায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয়ে অনেক শিক্ষক-শিক্ষিকা নিয়মিত উপস্থিত থাকেন না। তারা স্থানীয় হাটবাজার এবং পথের পাশে দোকানে হাজিরা খাতা রেখে নিয়মিত উপস্থিতি দেখান বলে অভিযোগ রয়েছে।

তাছাড়া কালামাইল্যর, ভালুকিয়া ইত্যাদি দুর্গম এলাকার কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের হাজিরা খাতা রাইখালী এবং বাংগালহালীয়া বাজারের কয়েকটি দোকানে রক্ষণাবেক্ষণ হয়ে থাকে বলে জানা গেছে।